পশ্চিমবঙ্গ সরকার

জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ, মুর্শিদাবাদ

# প্রকাশ্য নীলামের জন্য বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নলিখিত সরকারী ফেরীঘাটগুলি আগামী ইং ৩১.০১.২০১৭ তারিখ বেলা ১২ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর করণে প্রকাশ্য নীলামের মাধ্যমে ১৪২৪ সালের ১ লা বৈশাখ হইতে ১৪২৪ সালের চৈত্র মাস পর্যন্ত বন্দোবস্ত করা হইবে।

পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার নির্দেশিকা, ১৯৯১ এর ২৮১ (III) নং বিধি অনুযায়ী নৌ-চালক সমবায় সমিতি বা স্থানীয় নৌ-চালক বা বংশগত পাটনীদের নিয়ে গঠিত অংশীদারী প্রতিষ্ঠান প্রকাশ্য নীলামে অংশগ্রহণ করিতে পারিবেন এবং অগ্রাধিকারের ভিত্তিতে তাদের বন্দোবস্ত দেওয়া হইবে।

যদি এরূপ নৌ-চালকদের সমবায় সমিতি বা অংশীদারী প্রতিষ্ঠান না পাওয়া যায় তবে উক্ত নির্দেশিকার ২৬৬(ক) বিধি অনুযায়ী নিবন্ধভুক্ত সমবায় সমিতি ও অংশীদারী প্রতিষ্ঠান নীলাম ডাকে অংশগ্রহণ করিতে পাইবে ।

**নীলাম ডাকে অংশগ্রহণ করিতে হইলে নিম্নলিখিত শর্তগুলি মানিতে হইবে ।**

(ক) পূর্বে বন্দোবস্তপ্রাপ্ত নৌ-চালকদের সমবায় সমিতি ও অংশীদারী প্রতিষ্ঠান নীলাম ডাকের দিন **Defaulter** থাকিলে নীলাম ডাকের জন্য উপযুক্ত বিবেচিত হইবে না এবং প্রকাশ্য নীলামে অংশগ্রহন করিতে হইলে আর্নেস্ট মানি হিসাবে ন্যূনতম মূল্যের ৫০ শতাংশ টাকার Bank Guarantee অথবা সমমূল্যের Bank Draft প্রকাশ্য নীলামের দিন নীলামের পূর্বে S.R.O.-II & D.D.O., District Land & Land Reforms Office, Murshidabad এর অনুকূলে জমা করিতে হইবে ।

(খ) নীলাম ডাকে অংশগ্রহনকারী সংস্থার আর্থিক স্বচ্ছলতা (financial stability) এর স্বপক্ষে উপযুক্ত নথি দাখিল করিতে হইবে ।

(খ) সর্ব্বোচ্চ ডাক প্রদানকারীকে নীলাম ডাকের দিন সর্ব্বোচ্চ ডাকের ০৮ শতাংশ Security Deposit হিসাবে জমা দিতে হইবে এবং তাহার ডাকের ২৫ শতাংশ Lease Rent হিসাবে জমা দিতে হইবে ।

(গ) Lease Rent এর বাকী ৭৫ শতাংশ টাকা ৩টি কিস্তিতে যাহার প্রথমটি ৩০ শে জুন, ২০১৭ এবং দ্বিতীয়টি ৩০শে সেপ্টেম্বর, ২০১৭ এবং তৃতীয়টি ৩১শে ডিসেম্বর, ২০১৭ এর মধ্যে প্রদান করিতে হইবে ।

(ঘ) সফল নীলাম ডাকদানকারী নীলামের দিনে ০৮ শতাংশ Security Money এবং Lease Rent এর ২৫ শতাংশ দিতে না পারিলে তাহার আর্নেস্ট মানি হিসাবে জমা দেওয়া সমুদয় Bank Guarantee/Bank Draft বাজেয়াপ্ত করা হইবে ।

(ঙ) ইজারায় বিবেচিত হইলে এই মর্মে অঙ্গীকার প্রদান করিতে হইবে যে, সেই সংস্থাকে **১৪২৪ সালের ১ লা বৈশাখ** হইতে ১৪২৪ সালের **চৈত্র মাস** পর্যন্ত ফেরীঘাটগুলিতে জনস্বার্থে দিবারাত্রি নৌকা রাখিবার ব্যবস্থা করিতে হইবে এবং সুষ্ঠ পরিষেবার ব্যবস্থা করিতে হইবে ।

(চ) ইজারাদারকে জেলা সমাহর্তা, মুর্শিদাবাদ মহোদয়ের ৩০/০৫/২০১১ তারিখের ১২৮(৮৬) এফ-আর স্মারক সংখ্যা এর নির্দেশাবলী মানিয়া ফেরীঘাটগুলি চালাইতে হইবে এবং যাত্রীদের নিরাপত্তার ব্যবস্থা করিতে হইবে ।

**পরপৃষ্ঠা দ্রষ্টব্য**

(ছ) সফল ডাকদানকারীকে ১৯৯১ সালের WBLR Manual এর Appendix IV এর ৮ নং নির্দশ অনুযায়ী লীজ দলিল সম্পন্ন করিয়া লইতে হইবে এবং সরকারী আইন অনুযায়ী ফেরীঘাট চালাইতে হইবে ।

(জ) নিম্নসাক্ষরকারী কোন কারন না দর্শাইয়া নীলাম গ্রহন অথবা বর্জন করিতে পারিবেন ।

**ফেরীঘাটের নাম ও ১৪২৪ সালের ১ লা বৈশাখ হইতে ১৪২৪ সালের চৈত্র পৌষ পর্যন্ত ন্যূনতম মূল্য নিম্নে প্রদত্ত হইল :**

| | | | |
|---|---|---|---|
| ১) | লালবাগ সদর ফেরীঘাট | = | ৯,১৮,৫৪০.০০ |
| ২) | সাহানগর সৈকুলি ফেরীঘাট | = | ৭,২০,৭২০.০০ |
| ৩) | ভট্টপাড়া বারোদুয়ারী ফেরীঘাট | = | ৫৮,৪৭৬.০০ |
| ৪) | শিবতলা ফেরীঘাট | = | ২১,৩৩৭.০০ |
| ৫) | সাদেকবাগ ফেরীঘাট | = | ১,৬৪,৫৯৪..০০ |
| ৬) | জিয়াগঞ্জ-আজিমগঞ্জ ফেরীঘাট | = | ১০,৫৫,২৫০.০০ |
| ৭) | খোদাইগঞ্জ ফেরীঘাট | = | ৫৯,৩০২.০০ |
| ৮) | আমানিগঞ্জ ফেরীঘাট | = | ৯,৪৫০.০০ |
| ৯) | মহাজানতুলি ফেরীঘাট | = | ৬,৯১৪.০০ |
| ১০) | নশীপুর ফেরীঘাট | = | ১,৩৮৩.০০ |
| | | | ৩০,১৫,৯৬৬.০০ |

অতিরিক্ত জেলা সমাহর্তা এবং
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক,
মুর্শিদাবাদ

স্মারক সংখ্যা 674 (16) /X-35A/C/17 তারিখ 10/01/17

অনুলিপি জ্ঞাতার্থে এবং যথাযথ প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল :-

১) মাননীয় কমিশনার , প্রেসিডেন্সি বিভাগ (অনুগ্রহপূর্বক অবলোকনের জন্য) ।
২) মাননীয় উপ সচিব , ভূমি ও ভূমি সংস্কার বিভাগ , মহাকরণ , কোলকাতা (অনুগ্রহপূর্বক অবলোকনের জন্য) ।
৩) মাননীয় সভাধিপতি , মুর্শিদাবাদ জেলা পরিষদ (অনুগ্রহপূর্বক অবলোকনের জন্য) ।
৪) মাননীয় জেলা শাসক , মুর্শিদাবাদ (অনুগ্রহপূর্বক অবলোকনের জন্য) ।
৫) মাননীয় আরক্ষাধক্ষ, মুর্শিদাবাদ জেলা পুলিশ (অনুগ্রহপূর্বক অবলোকনের জন্য) এবং নীলামের দিন জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণের চর্তুদিকে শান্তি শৃঙ্খলা বজায় রাখিবার জন্য ।
৬) মহকুমা শাসক , লালবাগ , মুর্শিদাবাদ , নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য ।
৭) জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক , বহরমপুর, মুর্শিদাবাদ , নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য ।
৮) সমষ্টি উন্নয়ন আধিকারিক, মুর্শিদাবাদ -জিয়াগঞ্জ, মুর্শিদাবাদ , নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য ।
৯) সভাপতি ,মুর্শিদাবাদ -জিয়াগঞ্জ,পঞ্চায়েত সমিতি , মুর্শিদাবাদ , নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য ।
১০) পৌরপ্রধান, মুর্শিদাবাদ মিউনিসিপ্যালিটি, নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য ।
১১) মহাকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, লালবাগ, মুর্শিদাবাদ, নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য.
১২) এ আর সি এস , বহরমপুর , মুর্শিদাবাদ, নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য ।
১৩) সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক , মুর্শিদাবাদ -জিয়াগঞ্জ, মুর্শিদাবাদ, নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য।
১৪) প্রধান , সংশ্লিষ্ট ..............................................গ্রাম পঞ্চায়েত, মুর্শিদাবাদ নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য ।
১৫) নাজির , জেলা শাসকের করণ, মুর্শিদাবাদ নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য ।
১৬) নাজির , জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ, মুর্শিদাবাদ নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য ।

অতিরিক্ত জেলা সমাহর্তা এবং
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক,
মুর্শিদাবাদ